গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১-০৪

তারিখ: ০৬ মাঘ, ১৪২৮ ব: / ২০ জানুয়ারি, ২০২২ খ্রি:

# তৃতীয় নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) থেকে ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় গত ১৫.০৭.২০২১ খ্রি: এবং ১৬.০৭.২০২১ খ্রি: তারিখে ৩৮,২৮৩ জন প্রার্থীকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৭.০১.২০২২ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.১০১.১৯.২১ (অংশ)-১২ নির্দেশনা অনুযায়ী পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন কার্যক্রম চলমান অবস্থায় ৩৪,০৭৩ জন প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে এবং সংশ্লিষ্ট প্রার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানকে এস এম এস যোগে অবহিত করা হয়েছে। সংশ্লিষ্ট প্রার্থীকে এনটিআরসিএ এর ওয়েব সাইটে প্রবেশ করে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে সুপারিশ পত্র ডাউন লোড করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সুপারিশ পত্রে উল্লিখিত তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

২। অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে ৪,১৯৮ জনকে ভি আর ফরম প্রেরণ না করায়, ০৯ জনকে প্রতিষ্ঠান সরকারিকরণ হওয়ায় এবং ০৩ জনকে ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির ১০নং শর্ত ভংগ করে মহিলা শিক্ষা প্রতিষ্ঠানে শরীর চর্চা শিক্ষক পদে আবেদন করায় মোট ৪২১০ জন প্রার্থীকে সুপারিশ করা হয়নি। যে সকল প্রার্থীকে সুপারিশ করা হয়নি তাদের তালিকা এনটিআরসিএ এর ওয়েব সাইটের **৩য় গণ বিজ্ঞপ্তি নামক সেবা বক্সে** দেখা যাবে।

৩। যে সকল প্রার্থী ভি আর ফরম প্রেরণ করেননি তাদেরকে আগামী ০৭.০২.২০২২ খ্রি: তারিখে মধ্যে ভি আর ফরম এনটিআরসিএ অফিসে সরাসরি অথবা রেজিষ্টার্ড ডাক যোগে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো । অন্যথায় তাদের প্রাথমিক নির্বাচন বাতিল বলে গণ্য করা হবে। এ সকল প্রার্থী ভি আর ফরম প্রেরণ করে এনটিআরসিএ এর ই-মেইল office@ntrca.gov.bd এবং ০১৬৩৫৪০৫৮০১নং মোবাইলে এসএমএস করে অবহিত করবেন।

২০ জানু ২২

(এ বি এম শওকত ইকবাল শাহীন)
সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান।
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ৪১০৩০০৪৭